

## বদলে যাচ্ছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নাম

### ■ সাক্ষির নেওয়াজ

বদলে যাচ্ছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নাম। এ মন্ত্রণালয়ের ইংরেজি নাম 'মিনিষ্ট্রি অব প্রাইমারি এডুকেশন অ্যান্ড মাস এডুকেশন'-এর 'মাস' শব্দটি নিয়ে আন্তর্জাতিক পর্যায়ে যোগাযোগ করতে গিয়ে নানা বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে বলে জানা গেছে। মূলত এ কারণেই মন্ত্রণালয়ের নাম বদলের পরিকল্পনা করেছেন সংশ্লিষ্টরা। বর্তমানে এ মন্ত্রণালয়ের জন্য আরও শ্রুতিমধুর ও সুন্দর নাম খোঁজা হচ্ছে।

এর আগে বর্তমান সরকারের আমলে সংস্থাপন মন্ত্রণালয়ের নাম বদলে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং যোগাযোগ মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় করা হয়।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. এএফএম মনজুর কাদির সমকালকে জানিয়েছেন, 'মাস' শব্দটি ভিন্ন ভিন্ন অর্থে ব্যবহৃত হয়। ইংরেজি 'মাস' শব্দটি বস্তু, পি, ভর, পরিমাণ, দল, স্তূপ, দলা, বস্ত্রসমূহ, বহু পরিমাণ ছাড়াও নানা অর্থে ব্যবহৃত হয়ে থাকে। মানুষের ক্ষেত্রে জনসাধারণ বা গরিব দেশের জনগণ, খ্রিস্টের নৈশভোজের পূর্বে উদযাপনসহ আরও অনেক অর্থে ব্যবহৃত হয়ে আসছে শব্দটি।

■ পৃষ্ঠা ৪ : কলাম ৪

## বদলে যাচ্ছে প্রাথমিক

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

কোথাও কোথাও উপসর্গের (প্রিফিক্স) মতো ব্যবহারও লক্ষ্য করা যায়। সহজ-সরল অর্থে বিদেশি এবং দেশের মানুষের মধ্যে এসব বিভ্রান্তি দূর করতে মন্ত্রণালয়ের এক সভায় আলোচনা করে নাম পরিবর্তনের জন্য প্রস্তাব করা হয়েছে বলে জানান তিনি।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভিশন ও মিশন হলো- মানসম্মত প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও জীবনব্যাপী শিক্ষা। একই সঙ্গে প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের মাধ্যমে সবার জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা। বাংলাদেশের শিক্ষার জন্য বর্তমানে দুটি মন্ত্রণালয় এবং সেখানে পৃথক দু'জন মন্ত্রী রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীন 'মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ' এবং 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে' রয়েছেন দু'জন সচিব। মাধ্যমিক স্তর থেকে উচ্চ মাধ্যমিক (ষষ্ঠ থেকে দ্বাদশ) এবং উচ্চশিক্ষা দেখভাল করে শিক্ষা মন্ত্রণালয়। আর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক এবং বিনামূল্যে পরিচালনা করা হয়। সরকারের অর্থের পাশাপাশি বিদেশি বিভিন্ন দাতা গোষ্ঠীর অর্থায়নে প্রাথমিক শিক্ষার বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত হয়ে আসছে। নিরক্ষরতা দূরীকরণ ও সাক্ষরতা অর্জনে দাতা দেশ ও সংস্থাগুলো মন্ত্রণালয়ের 'মাস' শব্দটি নিয়ে আপত্তি জানিয়ে আসছিল বলে এ মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান। এ নিয়ে চলতি মাসে আলোচনা করা হয়েছে মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায়। সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং এর অধীন দপ্তরগুলোর শীর্ষ ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

সভা সূত্রে জানায়, ইতিমধ্যে বিভিন্ন নাম নিয়েও ওই সভায় আলোচনা হয়েছে। শিশুশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও লোকশিক্ষা, প্রাথমিক শিক্ষা, প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা, নিম্ন মাধ্যমিক, শিশু বিকাশ, সবার জন্য শিক্ষা ইত্যাদি নামের প্রস্তাবনা নিয়ে আলোচনা চলছে। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. এএফএম মনজুর কাদির সমকালকে বলেন, নাম প্রস্তাবের বিষয়টি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। বিভিন্ন অংশীজনের (স্টেক হোল্ডার) কাছ থেকে নামের প্রস্তাব নিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠানো হবে। নাম পরিবর্তনের জন্য মন্ত্রিসভার অনুমোদন প্রয়োজন জানিয়ে তিনি বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন পেলে মন্ত্রিসভায় প্রস্তাব দেওয়া হবে।

বাংলাদেশ সরকার	
প্রতিষ্ঠানের প্রধান	
প্রতিষ্ঠানের নাম	.....
ঠিকানা	.....
যোগাযোগের এল.পি. নং	.....
সিস্টেম ম্যানেজার	.....
সিনিয়র সিস্টেম এনালিস্ট	.....
প্রশাসনিক কর্মকর্তা	.....
পি.এ.	.....
কার্যার্থে/জাতার্থে	.....